প্রহরীরা জাগো!

ইহুদি বিশ্বের জন্য প্রার্থনার একটি ১০ দিনের পেন্টেকস্ট যাত্রা

৩০শে মে - ৮ই জুন ২০২৫





110 Cities | 24:14 | WEA WORLD EVANGELICAL ALLIANCE EST. 1846 | PRAYER TOOLS

www.110cities.com

WATCHMEN ARISE!

A 10 Day Pentecost Journey of Prayer for the Jewish World

বিষয়বস্তু

সূচনা ০৩

১ম দিন: জেরুজালেমের জন্য প্রহরী ০৪
জেরুজালেমের মেসিয়ানিক ইহুদি কমিউনিটির জন্য প্রহরীর মতন প্রার্থনা।

২য় দিন: যারা হারিয়ে গেছে তাদের প্রতি পিতার হৃদয়বান মনোভাব ০৫
ইহুদি মানুষদেরকে তাদের স্বর্গীয় পিতার অটল ভালোবাসার প্রতি ফিরে আসার জন্য আহ্বান।

৩য় দিন: আরও শ্রমজীবীর জন্য প্রার্থনা ০৬
আরও সুসমাচার বার্তাবাহক তৈরি করা এবং বিশ্বজুড়ে ইহুদি মানুষদের কাছে তাদের পাঠানোর জন্য ঈশ্বরের কাছে প্রার্থনা।

৪র্থ দিন: পেন্টেকস্ট/ শাভুয়ত ০৭
ঈশ্বরের পবিত্র আত্মার আগমন উদযাপন — তাঁর গীর্জার ক্ষমতায়ন।

৫ম দিন: আলিয়া – প্রত্যাবর্তন ০৮
বিশ্বের বিভিন্ন দেশ থেকে ইহুদিদের নিজের মাতৃভূমিতে ফিরে আসার জন্য মধ্যস্থতা।

৬ষ্ঠ দিন: ভারতের ইহুদি জনগণ ০৯
সারা ভারতবর্ষ জুড়ে ছড়িয়ে থাকা ইহুদি কমিউনিটি, এবং ইজরায়েল থেকে সেখানে ভ্রমণরত যুবক-যুবতীদের জন্য প্রার্থনা।

৭ম দিন: ইহুদি প্রবাসী ১০
বিশ্বজুড়ে বিভিন্ন গুরুত্বপূর্ণ শহরগুলিতে ছড়িয়ে থাকা ইহুদি মানুষদের মোক্ষলাভের জন্য মধ্যস্থতা।

৮ম দিন: পরবর্তী প্রজন্ম ১১
পবিত্র আত্মার প্রভাবে ইহুদি যুবসমাজের নবজাগরণের জন্য প্রার্থনা।

৯ম দিন: শান্তি এবং পুনর্মিলন ১২
ইজরায়েলের বিভিন্ন জনগোষ্ঠীর জন্য ঈশ্বরের শান্তি, সুরক্ষা এবং পরিত্রাণের জন্য প্রার্থনা।

১০ম দিন: জেরুজালেমের শান্তি ১৩
জেরুজালেম এবং তার বাইরেও একটি নতুন পেন্টেকস্টের জন্য ঈশ্বরের কাছে প্রার্থনা।

একটি শহর গ্রহণ করুন – ১১০ শহর ১৪
একটি না-পৌঁছানো গুরুত্বপূর্ণ শহরের জন্য দৈনিক প্রার্থনার উপকরণ পেতে সাইন আপ করুন।

সূচনা

প্রহরীরা জাগো-তে আপনাকে স্বাগতম!

আমরা আনন্দিত যে আপনি আমাদের সাথে প্রহরীরা জাগো-তে যোগ দিয়েছেন। পেন্টেকস্ট রবিবার পর্যন্ত এই দশদিন ধরে আমরা একসাথে চলব, প্রার্থনা করি আপনার হৃদয় যেন অনুপ্রাণিত হয়, আপনার প্রার্থনা যেন শক্তিশালী হয় এবং ইজরায়েল ও ইহুদি মানুষদের প্রতি আপনার ভালোবাসা যেন আরও গভীর হয়ে ওঠে।

ইজরায়েল-এর জন্য প্রার্থনা গাইড কেন?

মিশনের প্রবক্তা ও প্রার্থনার নেতৃত্বদানকারী হিসেবে আমরা দেখতে পাচ্ছি, ইহুদি মানুষদের জন্য মধ্যস্থতার গুরুত্বপূর্ণ প্রয়োজনীয়তা ক্রমশ স্পষ্ট হয়ে উঠছে। ঈশ্বরের মুক্তির পরিকল্পনায় ইজরায়েলের একটি কেন্দ্রীয় ভূমিকা রয়েছে, তবুও প্রচুর ইহুদি মানুষের কাছে এখনও সুসমাচার পৌঁছায়নি। ধর্মগ্রন্থে ইজরায়েলের প্রাধান্য থাকলেও, ইজরায়েল এবং প্রবাসী উভয় জায়গার ইহুদি জনগোষ্ঠীর জন্যই, আমাদের মনোযোগী প্রার্থনার প্রয়োজন।

সারা বিশ্বজুড়ে প্রায় ১৫ মিলিয়ন ইহুদি রয়েছে, যার মধ্যে ৬ মিলিয়ন ইজরায়েলে বসবাস করে। যদিও, ইহুদি জনসংখ্যার মাত্র ১% নিজেদের মেসিয়ানিক বিশ্বাসী হিসাবে পরিচয় দেয়। জোশুয়া প্রোজেক্ট অনুযায়ী, ইজরায়েলের ৫ মিলিয়ন ইহুদির কাছে এখনও পৌঁছানো যায়নি, সেইসঙ্গে বিশ্বজুড়ে ছড়িয়ে থাকা ইহুদি সম্প্রদায়ের অনেকেই এখনও পরিত্রাণের বার্তা শোনার অপেক্ষায় রয়েছে।

রোমান ১০:১ এ আছে, পল ইজরায়েলের পরিত্রাণের জন্য তার হৃদয়ের আকাঙ্ক্ষা প্রকাশ করেছেন:

"ভাইসব, আমার হৃদয়ের আকাঙ্ক্ষা এবং ঈশ্বরের কাছে এটাই প্রার্থনা যে তারা যেন পরিত্রাণ পায়।"

আজকাল গীর্জার কিছু অংশে প্রার্থনার এই আহ্বান প্রতিধ্বনিত হচ্ছে, অন্যান্য অংশ এই আহ্বানে জেগে উঠছে। যে জায়গাগুলি দীর্ঘদিন ধরে আধ্যাত্মিকভাবে কঠিন বলে বিবেচিত ছিল সেখানে মধ্যস্থতার শক্তি সাফল্য এনেছে বলে প্রমাণিত হয়েছে। ইজরায়েল, এর ইতিহাস এবং তাৎপর্যপূর্ণ হওয়া সত্ত্বেও, এখানে সুসমাচারের তীব্র প্রয়োজন রয়েছে।

তবে, আনন্দের বিষয় হল ১৯৭০ শতকের গোড়ার দিকে, ইজরায়েলে মেসিয়ানিক ইহুদির সংখ্যা মুষ্টিমেয় থাকলেও বর্তমানে এই বিশ্বাসীদের সংখ্যা প্রায় ৩০,০০০-এ পৌঁছেছে।

এই প্রার্থনা গাইডটির লক্ষ্য হলো ইজরায়েলের আধ্যাত্মিক জাগরণ, পরিত্রাণ, এবং ঈশ্বরের রাজ্যে তাদের ভূমিকার জন্য বিশ্বাসীদের মনোযোগী প্রার্থনায় নিযুক্ত করা। ইহুদি মানুষেরা যাতে জেশুয়া-কে মশীহা হিসাবে চিনে নিতে পারে এবং ঈশ্বরের উদ্ভাসিত পরিকল্পনায় ইজরায়েলের স্থান যাতে বাস্তবায়িত হয় তার জন্য এটি গীর্জাকে প্রার্থনা করার আহ্বান জানায়।

ইন্টারন্যাশনাল প্রেয়ার কানেক্ট, অন্যান্য প্রেয়ার মুভমেন্টের সহযোগিতায়, সারা বিশ্বের ১১০টি শহরের উপর দৃষ্টি নিবদ্ধ করছে যেখানে শিষ্য তৈরির দলগুলি এখনও না-পৌঁছানো জনগোষ্ঠী এবং বিভিন্ন সম্প্রদায়ের মধ্যে সুসমাচার পৌঁছে দিচ্ছে। আমাদের লক্ষ্য হলো বিশ্বের ১১০টি সবচেয়ে না-পৌঁছানো শহরে সুসমাচার পৌঁছে দেওয়া, মহান আদেশ-এর পরিপূর্ণতার জন্য প্রার্থনা করা। এই গাইডটিতে ৬টি গুরুত্বপূর্ণ শহর তুলে ধরা হয়েছে এবং সারা বছর ধরে এই শহরগুলির জন্য কিভাবে প্রার্থনা চালিয়ে যেতে হবে সে সম্পর্কে আরও তথ্যসহ লিঙ্ক দেওয়া রয়েছে।

যীশুর আদেশ পালন করতে আগ্রহী একজন বিশ্বাসী হিসাবে, ইজরায়েল এবং ইহুদি মানুষদের জন্য প্রার্থনা করা হল ঈশ্বরের অব্যাহত ভালোবাসা ও বিশ্বস্ততার প্রকাশ, এবং তাদের কাছে তাঁকে সম্পূর্ণরূপে প্রকাশ করার আকাঙ্ক্ষা।

আমাদের প্রার্থনা হল এই গাইডটি আপনাকে ইজরায়েলের জন্য মধ্যস্থতা করতে অনুপ্রাণিত করবে, যাতে ঈশ্বর তাঁর লোকেদের যে প্রতিশ্রুতি দিয়েছিলেন তা পূর্ণ হয়!
শালোম

আইপিসি টিম
www.ipcprayer.org

১ম দিন

জেরুজালেমের জন্য প্রহরী

জেরুজালেমের মেসিয়ানিক ইহুদি কমিউনিটির জন্য প্রহরীর মতন প্রার্থনা।

ধর্মগ্রন্থের কেন্দ্রবিন্দু

রোমান ১১:১৩-১৪
রোমান ১:১৬

“সেইরকম, বর্তমান সময়েও অনুগ্রহ দ্বারা নির্বাচিত কিছু অবশেষ রয়েছে।” — রোমান ১১:৫

“কারণ যদি তাদের প্রত্যাখ্যান জগতের সাথে পুনর্মিলন ঘটায়, তাহলে তাদের গ্রহণ কি মৃতদের মধ্যে থেকে পুনর্জীবন হবে না?” — রোমান ১১:১৫

“দুই দল থেকে নিজের মধ্যে এক নতুন মানব সত্তা তৈরি করে তিঁনি ইহুদি এবং অ-ইহুদিদের মধ্যে শান্তি স্থাপন করেছিলেন।” — এফেসিয়ানস্ ২:১৫ (এনএলটি)

ইশাইয়া ৬২:১-২ এ আছে, ঈশ্বর জেরুজালেমের প্রতি তাঁর বিরামহীন প্রতিশ্রুতিতে বলেন, “জিয়ন-এর জন্য আমি চুপ করে থাকব না, এবং জেরুজালেমের জন্য আমি চুপ করে থাকব না, যতক্ষণ না পর্যন্ত তার ধার্মিকতা উজ্জ্বল হয় এবং তার পরিত্রাণ একটি জলন্ত মশালের মত প্রকাশ পায়।” এই প্রতিশ্রুতির পূর্ণতা এখনও পুরোপুরি আসেনি, এবং জেরুজালেমের আধ্যাত্মিক পুনরুদ্ধারের জন্য ঈশ্বর অবিরাম প্রহরীদের ডাকছেন, দিন-রাত প্রার্থনা করার আহ্বান জানাচ্ছেন। ইশাইয়া ৬২:৬-৭ ঘোষণা করেছে, “তোমার চৌহদ্দির মধ্যে, ও জেরুজালেম, আমি প্রহরী নিযুক্ত করেছি; সারা দিন এবং সারা রাত ধরে তারা কখনও চুপ করে থাকবে না... তাঁকে বিশ্রাম দেবে না যতক্ষণ না পর্যন্ত তিঁনি জেরুজালেমকে পৃথিবীর কাছে প্রশংসার পাত্র করে তোলেন।”

আমরা বিশ্বব্যাপী ‘অশ্রুর উপহার’ মুক্তির জন্য প্রার্থনা করি, যে গীর্জা যেন ইজরায়েল এবং তাঁর মানুষদের প্রতি ঈশ্বরের হৃদয় গভীরভাবে অনুভব করতে পারে। ঠিক যেমন যীশু জেরুজালেম-এর জন্য কেঁদেছিলেন, আমরাও যেন সহানুভূতি এবং তাগিদের সাথে শহরের পরিত্রাণের জন্য মধ্যস্থতা করি (লিউক ১৯:৪১)।

প্রার্থনার বিষয়বস্তু:

- **যীশুতে বিশ্বাসী ইহুদিদের অবশিষ্টাংশের অন্য ঈশ্বরকে ধন্যবাদ:** মেসিয়ানিক ইহুদি সম্প্রদায়। বিশ্বজুড়ে ছড়িয়ে থাকা মেসিয়ানিক উপাসনালয়গুলির আধ্যাত্মিক শক্তি, সাহসিকতা, এবং একতার জন্য প্রার্থনা করুন।
- নিপীড়নের বিরুদ্ধে সুরক্ষা এবং ইহুদি বিশ্বাসী ও বৃহত্তর গীর্জার মধ্যে ঐতিহাসিক বিভাজন মুছে যাওয়ার জন্য প্রার্থনা করুন।
- **স্থানীয়ভাবে ও বিশ্বজুড়ে, মিশনের কার্যকারিতার জন্য মধ্যস্থতা করুন:** ইহুদি এবং অ-ইহুদি উভয় প্রেক্ষাপটে সুসমাচারের সাক্ষী হিসাবে।
- **জেরুজালেমের জন্য প্রহরী গঠন:** মধ্যস্থ প্রার্থনাকারী গঠনের জন্য প্রার্থনা করুন, যারা জেরুজালেমের ধার্মিকতা ও আধ্যাত্মিকতার পুনরুদ্ধারের জন্য শূণ্যস্থানটি পূরণ করবে।
- **ইহুদি এবং আরব বিশ্বাসীদের মধ্যে ভালোবাসা পুনরুদ্ধার:** ইহুদি এবং আরব বিশ্বাসীদের মধ্যে আরোগ্য ও একতার জন্য প্রার্থনা করুন।
- **জেরুজালেমের ধার্মিকতা এবং গৌরব:** প্রার্থনা করুন যেন জেরুজালেমে ধার্মিকতা পুনঃস্থাপিত হয়, এবং তা পৃথিবীর প্রশংসার আলোকে উজ্জ্বল হয়ে ওঠে।
- **প্রহরী হিসাবে বিশ্বগীর্জা:** প্রার্থনা করুন বিশ্বের গীর্জাগুলি যেন বিশ্বস্ত প্রহরী হিসাবে ঐক্যবদ্ধ হয়, ইজরায়েলের পরিত্রাণের জন্য মধ্যস্থতা করে।

প্রতিফলন:

- আমি কিভাবে আমার প্রার্থনাকে সামঞ্জস্যপূর্ণ করে জেরুজালেমের জন্য কৌশলগত মধ্যস্থতায়, ঈশ্বরের ভবিষ্যদ্বাণীমূলক উদ্দেশ্যের সাথে সক্রিয়ভাবে জুড়তে পারি?
- ঈশ্বরের পরিত্রাণ পরিকল্পনা সম্পর্কে গীর্জার বোঝার জন্য মেসিয়ানিক ইহুদিদের অস্তিত্ব গুরুত্বপূর্ণ কেন?
- কিভাবে আমি (বা আমার গীর্জা) মিশন এবং প্রার্থনায় মেসিয়ানিক ইহুদি বিশ্বাসীদের সম্মানভাজন ও অংশীদার করতে পারি?

২য় দিন

যারা হারিয়ে গেছে তাদের প্রতি পিতার হৃদয়বান মনোভাব

ইহুদি মানুষদেরকে তাদের স্বর্গীয় পিতার অটল ভালোবাসার প্রতি ফিরে আসার জন্য আহ্বান।

ধর্মগ্রন্থের কেন্দ্রবিন্দু

ইশাইয়া ৪৯:১৪–১৬
ডিউটেরোনমি ৩২:১০–১১
জেকারিয়া ২:৭–৮

“কিন্তু জিয়ন বলেছিলেন, ‘প্রভু আমাকে ত্যাগ করেছেন; প্রভু আমাকে ভুলে গেছেন।’ ‘কোন মা কি তার দুধের শিশুকে ভুলে যেতে পারে এবং তার জন্ম দেওয়া সন্তানের প্রতি মমতা না দেখাতে পারে? যদিও সে ভুলে যায়, আমি তোমাকে ভুলব না! দেখো, আমি আমার হাতের তালুতে তোমার নাম খোদাই করেছি; তোমার দেওয়াল সর্বদা আমার চোখের সামনে রয়েছে।’”
— ইশাইয়া ৪৯:১৪–১৬

ইজরায়েলের প্রতি ঈশ্বরের ভালোবাসা অটল। জিয়ন পরিত্যক্ত বোধ করলেও প্রভু একজন স্তন্যদানকারী মায়ের কোমল প্রতিমূর্তির মত সাড়া দেন—এমনকি তার থেকেও বেশি বিশ্বস্ত ভাবে। তিনি হলেন অঙ্গীকার-পালনকারী ঈশ্বর। ডিউটেরোনমি ৩২:১০–১১ বর্ণনা করে তাঁর যত্ন, বলে ইজরায়েল হল “তাঁর চোখের মণি”, তাঁর দৃষ্টির কেন্দ্রবিন্দু। জেকারিয়া ২:৮ এটা নিশ্চিত করে, ঘোষণা করে, “যে কেউ তোমাদের স্পর্শ করে সে তাঁর চোখের মণিকেই স্পর্শ করে।”

প্রামাণিক সাক্ষ্য:
একজন যাজক আবিষ্কার করেন যে স্থানে এখন ধর্মাচরণের জন্য তার গীর্জাটি তৈরি হয়েছে সেই স্থানটি পূর্বে নাৎসি আমলে ইহুদি-বিদ্বেষী সমাবেশের জন্য ব্যবহৃত হতো। গভীর স্বীকারোক্তির সঙ্গে, অনুতাপের ফলে তিনি গীর্জায় একটি বিশেষ অনুশোচনাপূর্ণ অনুষ্ঠানের আয়োজন করেন—শুধুমাত্র ঐতিহাসিক পাপের জন্যই নয় বরং ইহুদি মানুষদের প্রতি গীর্জার চলতে থাকা নিস্তব্ধতা এবং উদাসীনতার জন্যও। তিনি একটি স্থানীয় মেসিয়ানিক ধর্মসভা থেকে ইহুদি বিশ্বাসীদের সেই জমায়েতে যোগ দেওয়ার আহ্বান জানান। পুনর্মিলনের এক গভীর মুহূর্তে, ইহুদি প্রাজ্ঞ নেতারা এগিয়ে আসেন এবং ক্ষমার বাণী উচ্চারণ করেন:

“আপনার যা স্বীকারোক্তি করেছেন, প্রভু ইতিমধ্যেই তা ক্ষমা করে দিয়েছেন। আসুন আজ থেকে আমরা একসাথে এগিয়ে চলি।”

প্রতিফলন:

- আমি কিভাবে আমার হৃদয়কে এমনভাবে তৈরি করতে পারি যা ইজরায়েলের প্রতি পিতার ভালোবাসা এবং উদ্বেগ প্রকাশ করবে?
- কি উপায়ে আমি গীর্জা এবং ইহুদি সম্প্রদায়ের মধ্যে করুণা, নিরাময় এবং পারস্পরিক বোঝাপড়া গড়ে তুলতে পারি?

প্রার্থনার বিষয়বস্তু:

- **বিদ্ধ ব্যক্তিকে দেখার চোখ:** প্রার্থনা করুন ইজরায়েল যেন জেশুয়া-কে দেখতে পায়, যে মেষশাবককে হত্যা করা হয়েছিল, এবং “যাকে তারা বিদ্ধ করেছে” হিসাবে তাঁকে চিনতে পারে (জেকারিয়া ১২:১০)।
- **গীর্জার মধ্যে পিতার হৃদয়:** ঈশ্বরের কাছে প্রার্থনা করুন ইজরায়েলী মানুষদের প্রতি যেন তাঁর গভীর ভালোবাসা প্রকাশ করেন, তাদের পরিত্রাণের জন্য করুণা এবং তাগিদ জাগিয়ে তোলেন (২ পিটার ৩:৯)।
- **স্বীকারোক্তি এবং অনুতাপ:** প্রার্থনা করুন গীর্জা যেন যেকোনো দীর্ঘস্থায়ী বিদ্বেষ, সন্দেহ, তুচ্ছতা, অথবা উদাসীনতার স্বীকারোক্তি করে এবং অনুতপ্ত হয়। মেসিয়ানিক ইহুদি এবং ইহুদি বিশ্বাসীদের আরোগ্য প্রার্থনা করুন যারা তাদের খ্রীষ্টান ভাই-বোনদের কাছে থেকে প্রত্যাখ্যাত হয়েছেন বা আঘাত পেয়েছেন।
- **করুণা বর্ষণ:** ইজরায়েলীদের উপর ঈশ্বরের অশেষ করুণা বর্ষণের জন্য মধ্যস্থতা করুন, যা তাদের অনুতপ্ত করবে এবং তারা প্রতিশ্রুত মশীহা হিসাবে যীশু-কে স্বীকৃতি দেবে। (জেকারিয়া ১৩:১)।

৩য় দিন

আরও শ্রমজীবীর জন্য প্রার্থনা

আরও সুসমাচার বার্তাবাহক তৈরি করা এবং বিশ্বজুড়ে ইহুদি মানুষদের কাছে তাদের পাঠানোর জন্য ঈশ্বরের কাছে প্রার্থনা।

ধর্মগ্রন্থের কেন্দ্রবিন্দু

ম্যাথিউ ৯:৩৫-৩৮
ম্যাথিউ ১১:২৮-২৯

“যীশু সমস্ত নগর এবং গ্রামে ঘুরে বেড়াচ্ছিলেন, তাদের উপাসনা-গৃহে শিক্ষা দিচ্ছিলেন, রাজ্যের সুসমাচার প্রচার করছিলেন এবং সমস্ত রোগ ও ব্যাধি নিরাময় করছিলেন। যখন তিঁনি জনতার দিকে তাকালেন, তাদের প্রতি তাঁর করুণা হয়েছিল, কারণ তারা হয়রান এবং অসহায় ছিল, যেন মেষপালক ছাড়া একপাল ভেড়া। তখন তিঁনি তাঁর শিষ্যদের বললেন, ‘ফসল অনেক হয়েছে কিন্তু শ্রমিক খুব কম। অতএব ফসলের ঈশ্বরের কাছে প্রার্থনা করো, তিঁনি যেন তাঁর ফসলের ক্ষেতের জন্য শ্রমিক পাঠান।’” — ম্যাথিউ ৯:৩৫–৩৮

যীশু, করুণায় উদ্বুদ্ধ হয়ে, হারিয়ে যাওয়া মানুষদের কাছে সুসমাচার পৌঁছে দেওয়ার জন্য কর্মীর প্রয়োজনীয়তা উপলব্ধি করেছিলেন। আজও, এই আহ্বান অত্যন্ত জরুরী—বিশেষ করে ইহুদি মানুষদের জন্য। ইহুদিদের মধ্যে জেশুয়া-কে মশীহা এবং রক্ষাকর্তা হিসাবে বিশ্বাস করার মানুষদের সংখ্যা ক্রমবর্দ্ধমান সেইজন্য আমরা ঈশ্বরকে ধন্যবাদ জানাই। তা সত্ত্বেও, এখনও অনেকেই সত্য জানার অপেক্ষায় রয়েছে যা তাদেরকে মুক্তি দেবে।

যীশু ক্লান্ত এবং ভারাক্লান্তদের তাঁর কাছে আসার জন্য এবং তাদের আত্মার শান্তির জন্য আমন্ত্রণ জানান। (ম্যাথিউ ১১:২৮–২৯)। অনেকেই যেন তাঁর কণ্ঠস্বর শুনতে পায় এবং খোলা মনে সেই ডাকে সাড়া দেয়।

প্রার্থনার বিষয়বস্তু:

- **শ্রমিক পাঠানো:** ফসলের ঈশ্বরের কাছে প্রার্থনা করুন তিনি যেন শ্রমিক তৈরি করেন এবং পাঠিয়ে দেন—পলের মতন—যাকে বিশ্বব্যাপী অ-ইহুদি এবং ইহুদি মানুষদের কাছে সুসমাচার পৌঁছে দেওয়ার জন্য ডাকা হয়েছিল। (রোমান ১১:১৩–১৪)
- **সাহসী এবং জ্ঞানী সাক্ষী:** আত্মা-পরিচালিত, করুণায় পূর্ণ এবং ইহুদি হৃদয়ের প্রতি সংবেদনশীল সাক্ষীর জন্য প্রার্থনা করুন। তারা যেন নম্রতা এবং শক্তির সঙ্গে সুসমাচার বহন করে। “যারা সুসমাচার নিয়ে আসে তাদের পা কত সুন্দর!”
- **পুত্রত্বের আত্মা:** ইজরায়েলের উপর দত্তক গ্রহণের আত্মা নতুনভাবে বর্ষণের জন্য মধ্যস্থতা করুন, যাতে অনেকেই তাদের হৃদয়ের গভীর থেকে “আব্বা, পিতা” বলে কেঁদে ওঠে।
- **ঐশ্বরিক সাক্ষাৎ:** কৌশলগত এবং আত্মা-পরিচালিত সাক্ষাতের জন্য প্রার্থনা করুন যা সমগ্র ইহুদি জাতিকে মশীহা এবং প্রভু হিসাবে যীশু-কে গ্রহণ করার দিকে পরিচালিত করবে।

প্রতিফলন:

- “কারণ আমি সুসমাচারের জন্য লজ্জিত নই, কারণ প্রত্যেক বিশ্বাসীদের পরিত্রাণের জন্য এটি ঈশ্বরের শক্তি—প্রথমে ইহুদিদের জন্য এবং তারপর গ্রীকদের জন্যও।” — রোমান ১:১৬
- প্রভু, আমি কীভাবে সচেতন এবং সংবেদনশীলভাবে আমার জীবনে তুমি যে ইহুদি জাতির স্থান করে দিয়েছ, তাদের প্রতি তোমার ভালোবাসা এবং সত্যের বিশ্বস্ত সাক্ষী হতে পারি?
- কোন মনোভাব, কথা বা কাজ যীশুকে এমনভাবে প্রতিফলিত করবে যা তাদের ঐতিহ্যকে সম্মান করে এবং আপনার হৃদয়কে প্রকাশ করে?

৪র্থ দিন পেন্টেকস্ট / শাভুয়ত

ঈশ্বরের পবিত্র আত্মার আগমন উদযাপন — তাঁর গীর্জার ক্ষমতায়ন।

আজ পেন্টেকস্ট, শাভুয়ত, “সপ্তাহের” উৎসব

ইহুদি মানুষরা প্রথম ফসলের সময় এবং সিনাই পর্বতে তোড়াহ্ প্রদানের সময় শাভুয়ত (সপ্তাহের উৎসব) উদযাপন করে। প্রস্থানের পঞ্চাশ দিন কেটে যাওয়ার পর, অ্যাক্টস্ ২ অনুযায়ী এই দিনেই পবিত্র আত্মা বর্ষিত হয়েছিল। যখন পবিত্র আত্মা নেমে এসেছিল ধর্মপ্রাণ ইহুদিরা বিভিন্ন দেশ থেকে জেরুজালেমে এসে জড়ো হয়েছিলেন—জোয়েলের ভবিষ্যৎবাণী পূর্ণ হয়েছিল এবং শক্তির সঙ্গে গীর্জার সূচনা হয়েছিল।

বিশ্বাসীরা ঈশ্বরের বিশ্বস্ততা এবং সাহসের সঙ্গে বেঁচে থাকার জন্য তাঁর শক্তি দেওয়ার স্মরণে পেন্টেকস্ট উদযাপন করেন। ইহুদি ঐতিহ্য অনুযায়ী, শাভুয়তের সময়ে রুথের বইটি পাঠ করা হয়। রুথ, একজন অ-ইহুদি, নাওমির প্রতি অঙ্গীকারবদ্ধ ভালোবাসা প্রদর্শন করেছিলেন এবং ইজরায়েলের ঈশ্বরকে গ্রহণ করেছিলেন। তার গল্প ঈশ্বরের পরিত্রাণ পরিকল্পনার একটি পূর্বাভাস দেয় এবং যেখানে ইহুদি ও অ-ইহুদি উভয়েই এক নতুন মানুষ-এ অন্তর্ভুক্ত হয় (এফেসীয় ২:১৫)।

ধর্মগ্রন্থের কেন্দ্রবিন্দু

অ্যাক্টস্ ২:১–৪
জোয়েল ২:২৮–৩২
রুথ ১:১৬–১৭
রোমান ১১:১১

প্রার্থনার বিষয়বস্তু:

- **ভালোবাসা এবং আনুগত্য – রুথ ১:১৬–১৭**: হে প্রভু, ইহুদি মানুষদের প্রতি আমাদের ভালোবাসা বৃদ্ধি করুন। রুথের মত আমাদের আনুগত্য এবং করুণার সাথে চলতে শেখান।
- **যীশুর মুক্তিদাতা হিসাবে প্রকাশ – রুথ ২:১২**: হে যীশু, ইহুদিদের হৃদয়ে নিজেকে তাদের মুক্তিদাতা আত্মীয় হিসাবে প্রকাশ করুন। আপনার ভালোবাসা আমাদের মাধ্যমে উজ্জ্বল হয়ে উঠুক। ঠিক যেমন যোশেফ নিজের ভাইদের কাছে একজন হিব্রু হিসাবে পরিচিত হয়েছিলেন, তেমন ভাবেই ইহুদি মানুষদের কাছে তাদের মশীহা এবং বড় ভাই হিসাবে যীশু পরিচিত হয়ে উঠুক। জেনেসিস ৪৫
- **উপস্থিতি এবং পুনরুজ্জীবনের আগুন – অ্যাক্টস্ ২:৩**: হে পবিত্র আত্মা, তোমার লোকেদের পূর্ণ করো এবং শুদ্ধ করো। আমাদেরকে এমনভাবে প্রজ্বলিত করো যাতে ইজরায়েলিদের হৃদয়ে তোমার প্রতি, পবিত্র ঈশ্বরের প্রতি ধাবিত হওয়ার জন্য ঈর্ষা জাগিয়ে তুলতে পারি।

প্রতিফলন:

- এই সপ্তাহে আমি কিভাবে ইহুদি মানুষদের প্রতি ঈশ্বরের প্রতিশ্রুতিবদ্ধ ভালোবাসা স্পষ্টভাবে প্রদর্শন করতে পারি?
- আমার জীবন কোন কোন দিক দিয়ে জেশুয়া-র সাক্ষী বহন করছে, যা ইহুদি এবং অ-ইহুদি উভয়কেই তাঁর মুক্তির অনুগ্রহের দিকে টেনে আনছে?

৫ম দিন
আলিয়া – প্রত্যাবর্তন

বিশ্বের বিভিন্ন দেশ থেকে ইহুদিদের নিজের মাতৃভূমিতে ফিরে আসার জন্য মধ্যস্থতা।

ধর্মগ্রন্থের কেন্দ্রবিন্দু

ইজিকিয়েল ৩৬:২২–২৪
রোমান ১১:২৪
ইশাইয়া ৫৪:৭
ইশাইয়া ৬২:৪–৫
ইশাইয়া ৩৫:১০

ইজিকিয়েল ৩৬-এ প্রভু ঘোষণা করেছেন যে তিনি বিভিন্ন দেশে ছড়িয়ে থাকা ইজরায়েলীদের পুনরায় একত্রিত করবেন—তাদের জন্য নয়, বরং তাঁর পবিত্র নামের জন্য। যদিও বিভিন্ন দেশের মধ্যে তাঁর নাম অপবিত্র করা হয়েছিল, ঈশ্বর প্রতিশ্রুতি দিয়েছিলেন তাঁর মানুষদের নিজ মাতৃভূমিতে ফিরিয়ে দেওয়ার মাধ্যমে তা পবিত্র করবেন। এই প্রত্যাবর্তন, যা আলিয়া নামে পরিচিত, ঈশ্বরের অঙ্গীকারবদ্ধ বিশ্বস্ততাকে প্রকাশ করে এবং দেশগুলির মধ্যে তাঁর নামের গৌরব নিয়ে আসে।

যদিও বর্তমানে ইজরায়েলে ৮ মিলিয়ন ইহুদি বসবাস করে, কিন্তু এখনও বেশিরভাগই প্রবাসে (অন্যান্য দেশে) রয়ে গেছে। তবুও ঈশ্বরের বাণী আমাদের আশ্বাস দেয়: "আমি তোমাদের বিভিন্ন দেশের মধ্যে থেকে গ্রহণ করব... এবং তোমাকে তোমার নিজভূমে নিয়ে যাব" (ইজিকিয়েল ৩৬:২৪)। বিশ্বাসী হিসাবে—জেশুয়া-র মাধ্যমে যারা ইজরায়েলে পুনঃস্থাপিত হয়েছি (রোমান ১১:২৪)—আমাদের আলিয়া-র জন্য প্রার্থনায় অংশগ্রহণ করার সুযোগ রয়েছে, ঠিক যেমন ইজিকিয়েল ৩৬:৩৭-এ আহ্বান জানানো হয়েছে।

প্রার্থনার বিষয়বস্তু:

- **তাদেরকে করুণার দিকে টেনে আনো – ইশাইয়া ৫৪:৭:** পিতা, তোমার অনুগ্রহে, তোমার লোকেদেরকে সহানুভূতি ও উদ্দেশ্যের সাথে তাদের নিজভূমে ফিরিয়ে আনো। তারা যেন তোমার দেখা পায়, তোমার করুণার প্রতি দৃঢ় বিশ্বাস থাকে, এবং তোমার প্রতিশ্রুতি পূর্ণ হওয়ার মাধ্যমে তোমার বিশ্বস্ততার প্রতি নিশ্চিত থাকে।
- **পুনরুদ্ধার এবং আনন্দ – ইশাইয়া ৬২:৪–৫**: প্রভু, এই দেশটিকে তোমার লোকেদের সাথে মিলিত করো। জেরুজালেম যেন আর "উপেক্ষিত" নামে নয় বরং "পরিণীত" এবং "আনন্দভূমি" নামে পরিচিত হয়।
- **উদ্ধারপ্রাপ্তদের প্রত্যাবর্তন – ইশাইয়া ৩৫:১০**: ইজরায়েলীদের বিভিন্ন দেশ থেকে ইজরায়েলের মাটিতে ফিরিয়ে নিয়ে এসো যাতে তারা তোমার বিশ্বস্ততার সাক্ষাৎ পায়। জেশুয়া-তে বিশ্বাসীদের জন্য এই দেশে বসবাস ও বিশ্বস্ত সাক্ষী হয়ে ওঠার জন্য দরজা খুলে দাও। তাদের প্রত্যাবর্তন যেন আনন্দ ও উল্লাসে পরিপূর্ণ হয়।
- **বিভিন্ন দেশ থেকে ইহুদিদের ইজরায়েলের মাটিতে পুনরায় একত্রিত করার জন্য ঈশ্বরের কাছে প্রার্থনা করুন:** "দেখ, আমি তাদের সমস্ত দেশ থেকে একত্রিত করব, যেখানে আমি তাদেরকে আমার ক্রোধ, রোষ ও বিরক্তিতে তাড়িয়ে দিয়েছিলাম। আমি তাদেরকে এইস্থানে ফিরিয়ে নিয়ে আসব, এবং আমি তাদের নিরাপদে বাস করাব। এবং তারা আমার লোক হবে, এবং আমি হব তাদের ঈশ্বর। আমি তাদের এক হৃদয় এবং এক পথ দেব, যাতে তারা আমাকে চিরকাল ভয় করে, তাদের নিজের ভালোর জন্য এবং পরবর্তীকালে তাদের সন্তানদের ভালোর জন্য। আমি তাদের সাথে চিরস্থায়ী চুক্তি করব যে, আমি তাদের মঙ্গল করা থেকে সরে যাব না। এবং আমি তাদের মনে আমার প্রতি ভয় স্থাপন করব, যাতে তারা আমার থেকে সরে না যায়। আমি তাদের মঙ্গল করতে পেরে আনন্দিত হব, এবং আমি তাদেরকে আমার সমস্ত মন এবং সমস্ত প্রাণ দিয়ে, বিশ্বস্ততার সাথে এই দেশে স্থাপন করবো।" (জেরেমিয়া ৩২:৩৭-৪১)।

প্রতিফলন:

- আমি কিভাবে ইহুদি মানুষদের ভবিষ্যদ্বাণীমূলক প্রত্যাবর্তন (আলিয়া) সম্পর্কে ঈশ্বরের সাথে প্রার্থনা এবং কর্মের অংশীদার হতে পারি?
- আমি কি তাঁর অঙ্গীকারবদ্ধ পরিকল্পনার অংশ হিসেবে এই আন্দোলনের জন্য মধ্যস্থতা করছি—দেশজুড়ে তাঁর নামের স্বার্থে তাঁর প্রতিশ্রুতি পূরণ করার জন্য তাঁকে অনুরোধ করছি?

৬ষ্ঠ দিন

ভারতের ইহুদি জনগণ

সারা ভারতবর্ষ জুড়ে ছড়িয়ে থাকা ইহুদি সম্প্রদায়, এবং ইজরায়েল থেকে সেখানে ভ্রমণরত যুবক-যুবতীদের জন্য প্রার্থনা।

ধর্মগ্রন্থের কেন্দ্রবিন্দু

রোমান ১০:১
রোমান ১১:২৫-২৭
১ কিংস্ ১০
জেরেমিয়া ২৯:১৩
জেনেসিস ১২:৩

ভারতবর্ষে ইহুদিদের ইতিহাস বহু প্রাচীনকালের, খুব সম্ভবত এমনকি সলোমনের মন্দিরের সময় থেকে (১ কিংস্ ১০), পরবর্তী সময়ে ৫২ খ্রীষ্টাব্দে সেন্ট থমাস-এর সময়কালে ইহুদিদের আগমনের উল্লেখ পাওয়া যায়। শতাব্দীর পর শতাব্দীর ধরে, ইহুদি সম্প্রদায় মুম্বাই এবং গুজরাটে বেনে ইজরায়েল, কেরালাতে কোচিন ইহুদি, মুম্বাই এবং পুনেতে বাগদাদি ইহুদি, এবং মণিপুর ও মিজোরামে বনেই মেনাশে নামে সমৃদ্ধ হয়েছে। তবে, ১৯৪৮ সালে ইজরায়েল প্রতিষ্ঠার পর, অনেকেই আলিয়া করেন (ইজরায়েল-এ ফিরে যান), এখানে রেখে যান কেবলমাত্র একটি ছোট কমিউনিটি। আজ, হাজার হাজার তরুণ ইজরায়েলী বারাণসী, ধর্মশালা এবং গোয়া-র মত জায়গায় শান্তি খোঁজার জন্য প্রতি বছর ভারতে আসেন।

এই ১০ দিন ধরে আমরা সারা বিশ্বজুড়ে **১১০টি গুরুত্বপূর্ণ শহর**-এর উপর দৃষ্টি নিবদ্ধ রেখে বিশ্বব্যাপী প্রার্থনা কৌশল অবলম্বন করে এগিয়ে চলেছি। অনুগ্রহ করে এই শহরগুলির লিঙ্ক-এ ক্লিক করে প্রার্থনা করুন যাতে বহু মানুষ যীশু অনুগামী হয়: মুম্বাই | বারাণসী

প্রার্থনার বিষয়বস্তু:

- **পরিত্রাণের জন্য মধ্যস্থতা:** প্রার্থনা করুন যেন ভারতের খ্রীষ্টান সম্প্রদায় এই শূণ্যস্থান পূরণ করে, এই ইহুদি ভ্রমণকারীদের পরিত্রাণের জন্য মধ্যস্থতা করে (রোমান ১০:১)।
- **সুরক্ষা এবং নিরাপত্তা:** ভ্রমণের সময় তরুণ ইজরায়েলীরা যাতে সুরক্ষিত থাকে তার জন্য প্রার্থনা করুন, এবং ঈশ্বর যেন তাদের রক্ষাকর্তা হিসেবে নিজেকে তাদের কাছে প্রকাশ করেন (ইশাইয়া ৫২:১২বি)। ইজরায়েলীরা যারা আন্তরিকভাবে সত্য খুঁজছে তারা যেন তাঁকে খুঁজে পায়। জেরেমিয়া ২৯:১৩
- **ভারত এবং ইজরায়েলের মধ্যে বন্ধুত্ব:** প্রার্থনা করুন যেন বিশ্ব পর্যায়ে ভারত এবং ইজরায়েলের মধ্যে গভীর, সত্যিকারের বন্ধুত্ব গড়ে ওঠে, এবং তোমার প্রতিশ্রুতি অনুযায়ী যারা হারিয়ে গেছে তাদের চোখ যেন সত্য ও আশীর্বাদের আলোকে উদ্ভাসিত হয় (জেনেসিস ১২:৩)।

প্রতিফলন:

- আমি কিভাবে আমার ইহুদি প্রতিবেশী বা ভ্রমণকারীদের খ্রীষ্টের ভালোবাসা সহ আতিথেয়তা দিতে পারি?
- ভারতের গীর্জা ইহুদি ভ্রমণকারীদের মধ্যে তাদের মিশন সম্পর্কে আমাকে কি শিক্ষা দিতে পারে?

৭ম দিন

ইহুদি প্রবাসী

বিশ্বজুড়ে বিভিন্ন গুরুত্বপূর্ণ শহরগুলিতে ছড়িয়ে থাকা ইহুদি মানুষদের মোক্ষলাভের জন্য মধ্যস্থতা।

পলের প্রার্থনা ছিল ইজরায়েলের জাতির পরিত্রাণের জন্য একটি হৃদয়গ্রাহী আকুতি: 'ভাইসব, আমার হৃদয়ের আকাঙ্ক্ষা এবং ঈশ্বরের কাছে এটাই প্রার্থনা যে তারা যেন পরিত্রাণ পায়।' (রোমান ১০:১)। রোমান ১১-তে যে রহস্য উদ্ঘাটিত হয়েছে তা দেখায় যে ইজরায়েলের এই কঠোরতা হল আংশিক এবং সাময়িক, এই প্রতিশ্রুতির সঙ্গে যে যখন অ-ইহুদিদের মধ্যে পূর্ণতা আসবে, সমগ্র ইজরায়েল পরিত্রাণ পাবে। যেমনটি লেখা আছে, 'জিয়ন থেকে মুক্তিদাতা আসবেন, তিনি যাকোবের কাছে থেকে অধর্ম দূর করবেন।' (রোমান ১১:২৬-২৭)

জেনেসিস ১১-এ বর্ণিত আছে বাইবেলের সময় থেকে ইহুদিরা বিভিন্ন জায়গায় ছড়িয়ে পড়েছে। যীশুর অনুসরণকারীদের জন্য প্রার্থনা করুন যাতে তারা হৃদয় উন্মুক্ত করে এবং ইহুদি মানুষ ও তাদের সম্প্রদায়ের সঙ্গে বন্ধুত্ব করার জন্য প্রস্তুত থাকে যাতে এই সমস্ত দেশে বসবাসকারী ইহুদিরা তাদের চক্ষু উন্মোচন করে যীশু-কে মশীহা হিসাবে জানতে পারে।

৭২২ খ্রীষ্টপূর্বাব্দে উত্তর রাজ্যের ইহুদিদের আসিরিয়া-তে নির্বাসিত করা হয়েছিল এবং আসিরিয়ানদের ইজরায়েল-এ নিয়ে আসা হয়েছিল, যেখানে তারা ইহুদিদের সাথে জাতিগত ভাবে মিশে গিয়ে সামারিটান হয়ে ওঠে। ঈশ্বর সর্বদা চেয়েছেন যে ইহুদিরা কেবল তাঁর প্রতিই নয় বরং তাঁর মিশনের উদ্দেশ্যের প্রতিও বিশ্বস্ত হয়ে ওঠে। ইহুদিরা বন্দিদশা থেকে ইজরায়েলে ফিরে আসার পর, ঈশ্বরের মিশনারি উদ্দেশ্য (ছত্রভঙ্গ)প্রবাসীদের মাধ্যমে সম্পন্ন হয়েছিল। এই সময়ে, অবশিষ্ট বিশ্বস্ত ইহুদিরা ঈশ্বরের নাম সারা দেশে ছড়িয়ে দিয়েছিল।

আজ ইহুদিদের সবচেয়ে বেশি জনসংখ্যা দেখতে পাওয়া যায়, নিউ ইয়র্ক, প্যারিস, ভ্যানকুভার, লন্ডন, মস্কো এবং বুয়েনোস আইরেস এই শহরগুলিতে। বছরজুড়ে আমরা ইচ্ছাকৃতভাবে প্রার্থনা করি **১১০টি গুরুত্বপূর্ণ শহর**-এর জন্য যেখানে রাজ্য গতিবিধির মাধ্যমে শিষ্য তৈরির সংখ্যা বৃদ্ধি পেতে দেখি।

প্রামাণিক সাক্ষ্য:
তেহরান-এ, একজন ইজরায়েলী বিশ্বাসী হিব্রু-তে ইরানের জন্য প্রার্থনা করেছিলেন, এবং একজন ইরানীয় নেতা ফার্সি-তে ইজরায়েলের জন্য প্রার্থনা করে সাড়া দিয়েছিলেন। পরে, নওরোজ উদযাপনের সময়, ২৫০জন ইরানীয় এবং আফগান সুসমাচার শুনেছিলেন—৩৫জন বাইবেল চেয়েছিলেন। এটি হল ঈশ্বরের পরিবারে নিরাময় এবং ঐক্যের একটি চিত্র।

প্রার্থনার বিষয়বস্তু:

- **বিশ্বাসের বৃদ্ধি:** প্রার্থনা করুন বিশ্বব্যাপী ইহুদি বিশ্বাসীদের মধ্যে যেন বিশ্বাসের বীজ বিকশিত হয়।
- **প্রতিশ্রুতির পূর্ণতা:** তাঁর প্রতিশ্রুতি পূর্ণ করার জন্য এবং ইজরায়েলে পরিত্রাণ নিয়ে আসার জন্য ঈশ্বরের কাছে প্রার্থনা করুন।
- **পবিত্র ঈর্ষা:** অ-ইহুদি বিশ্বাসীরা যেন ইহুদিদের হৃদয়ে মশীহার অনুসন্ধান জাগিয়ে তোলে।
- **খ্রীষ্টানরা যেন তাদের ইহুদি প্রতিবেশীদের সঙ্গে নম্রতা ও ভালোবাসার সাথে বন্ধুত্ব গড়ে তোলেন,** যাতে তারা বুঝতে পারে যে জেশুয়া বা যীশু-ই হল মশীহা।
- প্রার্থনা করুন যেন বিশ্বের হাজার হাজার ঈশ্বর-ভীরু মানুষ ইহুদিদের সঙ্গে একত্রিত হয়ে যিহোবাকে বিশ্বজগতের প্রভু হিসেবে স্বীকার করে, এবং মশীহার আগমনের পথ প্রশস্ত করে।

ধর্মগ্রন্থের কেন্দ্রবিন্দু

রোমান ১০:১
রোমান ১১:২৫–২৭

প্রতিফলন:

- আমি কিভাবে ইজরায়েলী মানুষদের কাছে যীশুকে উপস্থাপন করতে পারি যা তাদের মধ্যে মুক্তিদাতার প্রতি আকাঙ্ক্ষা জাগিয়ে তুলবে?
- ইহুদি মানুষদের প্রতি ঈশ্বরের মুক্তির উদ্দেশ্যকে তাঁর বিশ্বব্যাপী মিশনের কেন্দ্রবিন্দু হিসাবে কি আমি গ্রহণ করছি?
- আমি কিভাবে সচেতন মধ্যস্থতা ও আত্মা-নেতৃত্বাধীন সম্পৃক্ততার মাধ্যমে তাদের পুনরুদ্ধারের জন্য ইচ্ছাকৃতভাবে উদ্দেশ্যমূলক মিশনারি মনোভাব গড়ে তুলতে পারি?

৮ম দিন পরবর্তী প্রজন্ম

পবিত্র আত্মার প্রভাবে ইহুদি যুবসমাজের নবজাগরণের জন্য প্রার্থনা।

ধর্মগ্রন্থের কেন্দ্রবিন্দু

ইশাইয়া ৪৪:১–৫
জোয়েল ২:২৩-২৪

ইশাইয়া ৪৪:১-৫ অনুযায়ী, ঈশ্বর প্রতিশ্রুতি দিয়েছেন যে ইজরায়েলের উপর তাঁর আত্মা বর্ষণ করবেন, বিশেষ করে তরুণ প্রজন্মের উপর। এই আত্মার ধারাবর্ষণ পরিবর্তন এবং পুনর্নবীকরণের দিকে নিয়ে যাবে, পরিচয়ের নতুন ধারণা নিয়ে আসবে, যেখানে অনেকেই সাহসী ভাবে ঘোষণা করতে পারবে যে, "আমি প্রভুর"। প্রার্থনা করার সময়, আমরা ঈশ্বরের কাছে চাইব যে ইজরায়েলের যুবসমাজের হৃদয় জেগে উঠুক যাতে তারা তাঁকে অন্তরঙ্গভাবে এবং ব্যক্তিগতভাবে জানতে পারে, যাতে তারা দেশের আধ্যাত্মিক তৃষ্ণা মেটাতে পারে।

জোয়েল ২ তিনি তোমাদের প্রচুর বৃষ্টি পাঠাবেন, শরৎ এবং বসন্ত ঋতুর বৃষ্টি, ঠিক আগের মত। খামারগুলি শস্যে ভরে উঠবে; নতুন ওয়াইন আর তেলে পাত্রগুলি উপচে পড়বে। তখন তোমরা জানতে পারবে যে আমি ইজরায়েল-এ আছি, যে আমিই তোমাদের ঈশ্বর, প্রভু এবং আর অন্য কেউ নেই; আর কখনও আমার লোকেরা লজ্জিত হবে না। "এবং তারপর, আমি সমস্ত মানুষদের উপর আমার আত্মা বর্ষণ করব। তোমাদের ছেলে-মেয়েরা ভবিষ্যদ্বাণী করবে, তোমাদের বৃদ্ধরা স্বপ্ন দেখবে, তোমাদের তরুণ প্রজন্ম দর্শনশক্তি পাবে। এবং প্রত্যেকে যারা প্রভুর নাম করবে তারা মোক্ষলাভ করবে; কারণ জিয়ন পর্বতে এবং জেরুজালেমে থাকবে মুক্তি"।

প্রতিফলন:

- ইজরায়েলের যুবসমাজ যাতে পবিত্র আত্মার পুনর্নবীকরণ অনুভব করতে পারে তার জন্য আমি কিভাবে প্রার্থনা করতে পারি?
- ইজরায়েলের যুবসমাজকে জাগরিত করতে এবং তারা যাতে ঈশ্বরের রাজ্যের সাহসী সাক্ষী হতে পারে তার জন্য আমি কি কি পদক্ষেপ নিতে পারি?

প্রার্থনার বিষয়বস্তু:

- **পবিত্র আত্মার ধারা বর্ষণের জন্য প্রার্থনা করুন:** প্রার্থনা করুন যেন ইজরায়েলের উপর বিশেষ করে তরুণ প্রজন্মের উপর পবিত্র আত্মার ধারা বর্ষিত হয়। ঈশ্বরের কাছে প্রার্থনা করুন তিনি যেন তৃষ্ণার্ত এলাকায় জল দেন এবং শুষ্ক জায়গাগুলিকে আবার সজীব তোলে তোলেন।
- **পরিচয় বদলের জন্য প্রার্থনা করুন:** প্রার্থনা করুন ইজরায়েলের অনেক মানুষ যেন ঘোষণা করে যে, "আমি প্রভুর," এবং ঈশ্বরের অঙ্গীকারপত্রে নিজেদের পরিচয় গ্রহণ করে।
- **যুবসমাজের পুনরুজ্জীবনের জন্য প্রার্থনা করুন:** ইজরায়েলের যুবসমাজের মধ্যে আধ্যাত্মিক পুনরুজ্জীবনের জন্য মধ্যস্থতা করুন, যে তারা যেন আধ্যাত্মিক ভাবে বেড়ে ওঠে, নদীর ধারের উইলো গাছের মত বেড়ে ওঠে এবং ঈশ্বরের প্রতি গভীর একাত্মবোধ নিয়ে বেঁচে থাকে।

৯ম দিন শান্তি এবং পুনর্মিলন

ইজরায়েলের বিভিন্ন জনগোষ্ঠীর জন্য ঈশ্বরের শান্তি, সুরক্ষা এবং পরিত্রাণের জন্য প্রার্থনা।

ধর্মগ্রন্থের কেন্দ্রবিন্দু

সাম ৪৬:৯
১ টিমোথি ২:২
জন ১৭:২০–২৩
সাম ৪৬:৯
১ টিমোথি ২:২

প্রতিফলন:

- আমি কি ব্যক্তিগত সম্পর্ক ও সমাজে শান্তি স্থাপনকারী হিসাবে কাজ করছি?
- মানব সম্প্রদায়গুলোর মধ্যে পুনর্মিলনের ঈশ্বরীয় কাজে আমি কিভাবে সক্রিয় অংশগ্রহণ করতে পারি?

"তিনি পৃথিবীর শেষ প্রান্ত পর্যন্ত যুদ্ধ থামিয়ে দিতে পারেন। তিনি ধনুক ভেঙে ফেলেন এবং বর্শা টুকরো টুকরো করে ফেলে দেন; তিনি ঢালগুলিকে আগুনে পুড়িয়ে দেন।" — সাম ৪৬:৯

"সমস্ত রাজা এবং কর্তাব্যক্তিদের জন্য প্রার্থনা করো, যেন আমরা ধার্মিকতা ও পবিত্রতায় শান্তিতে নিরিবিলি জীবন যাপন করতে পারি।" — ১ টিমোথি ২:২

কেবলমাত্র সংঘাতের অনুপস্থিতি মানেই শান্তি নয়, বরং ন্যায়বিচার, সত্য এবং সম্পর্কের পুনরুদ্ধারের মাধ্যমে শান্তি স্থাপিত হয়। ১৯৬৩ সালে, ডঃ মার্টিন লুথার কিং জুনিয়র বিজ্ঞতার সাথে বলেছিলেন, "প্রকৃত শান্তি শুধুমাত্র উত্তেজনার অনুপস্থিতি নয়; এটা হল ন্যায়বিচারের উপস্থিতি।" পুনর্মিলন নিষ্ক্রিয় ভাবে হয় না— এটি নিরাময়ের জন্য সক্রিয় এবং প্রায়শই ব্যয়বহুল একটি প্রক্রিয়ার প্রয়োজন। এর জন্য প্রয়োজন অন্যায়ের মুখোমুখি হওয়া, যন্ত্রণা স্বীকার করে নেওয়া, এবং প্রতিটি মানুষের মধ্যে ঈশ্বরের প্রতিমূর্তিকে সম্মান করা।

যুদ্ধ এবং বিভেদের সময়, যীশু তাঁর অনুসরণকারীদের শান্তি স্থাপনকারী হতে আহ্বান জানান (ম্যাথিউ ৫:৯), বলেন নম্রতা এবং ভালোবাসার সাথে চলতে। মধ্যপ্রাচ্যে ক্রমাগত চলতে থাকা সংঘাত আরব এবং ইহুদি বিশ্বাসীদের এবং মেসিয়ানিক ইহুদিদের পুনর্মিলনের জন্য ক্রমবর্ধমান আন্দোলনকে তুলে ধরেছে। এই ঐক্য হল জন ১৭-তে থাকা প্রভু যীশুর প্রার্থনার জীবন্ত সাক্ষ্য: যে তাঁর অনুসরণকারীরা এক হবে, ঠিক যেমন তিঁনি এবং পিতা এক।

প্রার্থনার বিষয়বস্তু:

- **বিশ্বাসীদের মধ্যে ভালোবাসা এবং একতা:** ইহুদি, আরব এবং অন্যান্য জাতির মানুষদের মধ্যে ভালোবাসা এবং ঐক্যের জন্য প্রার্থনা করুন। জন ১৭-এ যীশু খ্রীষ্ট যে প্রার্থনা করেছিলেন তা যেন আমাদের সময়েও পূর্ণ হয়, ভেদাভেদ, কুসংস্কার এবং অবিশ্বাসের দেওয়াল ভেঙে যাক।
- **যীশুর প্রার্থনার পরিপূর্ণতা (জন ১৭):** খ্রীষ্টের দেহে — জাতি, সম্প্রদায় এবং প্রজন্ম জুড়ে — দৃশ্যমান একতার জন্য মধ্যস্থতা করুন, যাতে ঈশ্বরের মুক্তিদায়ক প্রেমের সাক্ষ্য পৃথিবীর সামনে প্রকাশ পায়।
- **নম্রতা ও সম্মান:** ইহুদি এবং আরব বিশ্বাসীদের মধ্যে নম্রতা এবং পারস্পরিক শ্রদ্ধার জন্য প্রার্থনা করুন। প্রভুর কাছে প্রার্থনা করুন যেন তিনি বোঝাপড়া ও সম্মানের আত্মা প্রকাশ করেন, যাতে তারা মশীহার মধ্যে একে অপরকে এক নতুন মানুষ হিসেবে আলিঙ্গন করতে পারে।

১০ম দিন জেরুজালেমের শান্তি

জেরুজালেম এবং তার বাইরেও একটি নতুন পেন্টেকস্টের জন্য ঈশ্বরের কাছে প্রার্থনা।

ধর্মগ্রন্থের কেন্দ্রবিন্দু

সাম ১২২:৬–৭
লিউক ১৫:১০
লিউক ১৫:২৮–৩২
ইশাইয়া ৬:৯–১০
ম্যাথিউ ১৩:১৬–১৭
১ করিন্থিয়ানস্ ১৫:২০

“জেরুজালেমের শান্তির জন্য প্রার্থনা করো! ‘যারা আপনাকে ভালোবাসে তারা যেন সুরক্ষিত থাকে! তোমার ঘরের মধ্যে শান্তি এবং বাড়ির মধ্যে নিরাপত্তা থাকুক।’” — সাম ১২২:৬–৭

ইহুদি মানুষদেরকে যীশুর পিতার প্রেমের দৃষ্টান্তে (লিউক ১৫) “বড় ছেলে”-র সাথে তুলনা করা যেতে পারে। যদিও অনেক বিষয়েই সে বিশ্বস্ত ছিল, ছোট ছেলে ফিরে আসার পর আনন্দ প্রকাশ করতে বড় ছেলে দ্বিধাগ্রস্ত ছিল। তবুও পিতার প্রতিক্রিয়া ছিল করুণায় পূর্ণ: “বৎস, তুমি সবসময় আমার সঙ্গে আছো এবং আমার যা কিছু আছে সে সবই তোমার। কিন্তু আমাদের আনন্দ করতেই হতো... তোমার ভাই মারা গিয়েছিল এবং আবার জীবিত হয়েছে; সে হারিয়ে গিয়েছিল এবং তাকে পাওয়া গেছে।” (শ্লোক ৩১–৩২)

এই গল্পে, আমরা পিতার গভীর আকাঙ্ক্ষা দেখতে পাই—শুধুমাত্র হারিয়ে যাওয়াদের স্বাগত জানানোই নয়, বরং বিশ্বস্তদের পুনর্মিলন করানোর জন্যও. ঈশ্বর ইহুদি মানুষদের প্রতি তাঁর ভালোবাসা প্রকাশ করতে আকুল, তাদেরকে মশীহা, জেশুয়া-র উত্তরাধিকারের পরিপূর্ণতার দিকে টেনে আনতে আগ্রহী।

আমরা বিশাল আধ্যাত্মিক চাহিদার কথাও স্বীকার করি: ইজরায়েলের ৮.৮ মিলিয়ন মানুষ এখনও সুসমাচারের সাক্ষীর কাছে পৌঁছাতে পারেনি—তাদের মধ্যে ৬০% ইহুদি এবং ৩৭% মুসলিম। যদিও ঈশ্বরের ভালোবাসা রয়েছে সবার ওপরে এবং তাঁর প্রতিশ্রুতিগুলিও রয়েছে।

প্রার্থনার বিষয়বস্তু:

- **আধ্যাত্মিক চোখ এবং কান খোলা:** ইহুদি মানুষদের কাছে জেশুয়া-কে মশীহা হিসাবে প্রকাশ করার জন্য প্রার্থনা করুন। “তোমরা অবশ্যই শুনবে কিন্তু কখনও বুঝতে পারবে না... কিন্তু তোমাদের চোখ ধন্য, যেহেতু তারা দেখতে পায় এবং তোমাদের কান ধন্য, যেহেতু তারা শুনতে পায়।” — ইশাইয়া ৬:৯–১০, ম্যাথিউ ১৩:১৬–১৭
- **পবিত্র আত্মার ধারা বর্ষণ:** জেরুজালেম এবং তার বাইরে একটি নতুন পেন্টেকস্টের জন্য প্রার্থনা করুন। ঠিক যেমন অ্যাক্টস্ ২ অনুসারে ইহুদি বিশ্বাসীদের ওপর পবিত্র আত্মা নেমে এসেছিল, সেইরকম আরেকটি শক্তিশালী পদক্ষেপের জন্য প্রার্থনা করুন যা জাগরিত করবে, অনুতপ্ত করবে এবং যীশুর প্রতি আনন্দে পরিপূর্ণ বিশ্বাস নিয়ে আসবে।
- **ঈশ্বরের চুক্তিগুলির পরিপূর্ণতা:** তাঁর কথা এবং তাঁর লোকেদের প্রতি ঈশ্বরের বিশ্বস্ততা ঘোষণা করুন। পুরো ইজরায়েল জুড়ে তাঁর অবিনশ্বর প্রেমের প্রকাশের জন্য প্রার্থনা করুন। স্বর্গ, ঘর এবং হৃদয় উন্মুক্ত হওয়ার জন্য প্রার্থনা করুন।
- **অলৌকিক নিশ্চিতকরণ:** সুসমাচারের সত্যতা নিশ্চিত করে এমন নিদর্শন ও আশ্চর্য ঘটনার জন্য মধ্যস্থতা করুন যাতে বহু মানুষ পরিত্রাণের দিকে আকৃষ্ট হয়।

প্রতিফলন:

- আমি কিরূপে সক্রিয়ভাবে এবং ধারাবাহিকভাবে “জেরুজালেমের শান্তির জন্য প্রার্থনা করো” বাইবেলের এই আহ্বানের সাড়া দিচ্ছি? আমার দৈনন্দিন জীবনে এই আদেশের প্রতি বিশস্ত আনুগত্য কিরকম হবে?
- কিভাবে আমি ইজরায়েলের পরিত্রাণের জন্য সক্রিয়ভাবে প্রার্থনা করতে পারি এবং মেসিয়ানিক ইহুদি সম্প্রদায়ের সাক্ষ্যকে সমর্থন করতে পারি?

110 Cities

একটি শহর গ্রহণ করুন
১১০টি শহর

আমাদের লক্ষ্য হলো সারা বিশ্বের ১১০টি শহর যেখানে একেবারেই পৌঁছানো যায়নি সেখানে সুসমাচারের বার্তা পৌঁছে দেওয়া, এবং সেইসব জায়গায় হাজার হাজার খ্রীষ্ট-মহিমান্বিত গীর্জা স্থাপন করার জন্য প্রার্থনা করা!

আমরা বিশ্বাস করি, প্রার্থনাই মূল চাবিকাঠি! এই লক্ষ্যে, আমরা ১১০ মিলিয়ন বিশ্বাসীর শক্তিশালী প্রার্থনার মাধ্যমে এই প্রচেষ্টাকে এগিয়ে নিয়ে চলেছি - সাফল্যের জন্য, সিংহাসনের চারপাশে, ২৪ ঘন্টা এবং সারা বিশ্বজুড়ে প্রার্থনা করে চলেছি!

আপনি কি প্রার্থনা করবেন?

এই শহরগুলির জন্য প্রতিদিন ১০ থেকে ১৫ মিনিট সময় প্রার্থনা করার জন্য আমরা আপনাকে আমন্ত্রণ জানাচ্ছি!

আমরা ঈশ্বরের কাছে প্রার্থনা জানাচ্ছি এই শহরগুলিতে যেন নতুন বাড়ি গীর্জা তৈরি হয়। বিশ্বের ৯০% একেবারেই না-পৌঁছানো মানুষ এই ১১০টি শহরেই বসবাস করে। আসুন প্রার্থনা করি শিষ্য তৈরির প্রভাব যেন এই সমস্ত মানুষ এবং জায়গাগুলিতে বহুগুণে বৃদ্ধি পায়।

এখানে সাইন আপ করুন – ব্যক্তিগতভাবে বা আপনার প্রতিষ্ঠানের আরও কয়েকজনের সাথে আপনার পছন্দের প্রার্থনার সময় নির্বাচন করুন। যখন আপনি প্রার্থনার জন্য সাইন আপ করবেন আপনি আপনার নির্দিষ্ট সময়ের একটি ইমেল রিমাইন্ডার পাবেন এবং সেইসঙ্গে এই শহরগুলির জন্য প্রার্থনার গুরুত্বপূর্ণ বিষয়বস্তুর লিঙ্ক পাবেন!

https://110cities.pray4movement.org



প্রহরীরা জাগো!

ইহুদি বিশ্বের জন্য প্রার্থনার একটি ১০ দিনের পেন্টেকস্ট যাত্রা

INTERNATIONAL CONNECT PRAYER · 110 Cities · 24:14 · WEA EST. 1846 WORLD EVANGELICAL ALLIANCE · PRAYER TOOLS

www.110cities.com

এই গাইডটি গবেষণা এবং লেখা হয়েছে ইন্টারন্যাশনাল প্রেয়ার কানেক্ট কর্তৃক উপরে উল্লিখিত অংশীদারদের সহযোগীতায়। ছবিগুলি যান্ত্রিকভাবে তৈরি এবং শুধুমাত্র উপস্থাপনমূলক উদ্দেশ্যে ব্যবহৃত হয়েছে। জীবিত বা মৃত কোন ব্যক্তির সঙ্গে যেকোন রকম সাদৃশ্য সম্পূর্ণরূপে কাকতালীয়। এই উপকরণটি শুধুমাত্র ব্যক্তিগত ব্যবহারের জন্য বিনামূল্যে প্রদান করা হয়েছে। আপনি যদি বাণিজ্যিক উদ্দেশ্যে বিষয়বস্তু পুনরুৎপাদন, প্রচার বা পুনঃপ্রকাশ করতে চান তাহলে আমাদের সঙ্গে যোগাযোগ করুন। www.ipcprayer.org